

35

ইবিতে খেলোয়াড় কোটায় ভর্তি ৥ ধরা পড়েছে দুর্নীতি

ইসলামী বিশ্ববিদ্যালয় থেকে বিশ্ব-বিদ্যালয় সংবাদদাতা : ইসলামী বিশ্ববিদ্যালয়ে খেলোয়াড় কোটায় ভর্তি নিয়ে ব্যাপক দুর্নীতি ধরা পড়েছে। প্রথম বর্ষ সম্মান শ্রেণীর ভর্তি নির্দেশিকায় স্পষ্ট উল্লেখ আছে, কোন ছাত্রছাত্রী ভর্তি পরীক্ষায় (লিখিত) কমপক্ষে ৪৫ নম্বর না পেলে খেলোয়াড় কোটায় ভর্তির জন্য আবেদন করতে পারবে না।

একটি নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে, গত ২২শে জুন খেলোয়াড় কোটায় ভর্তির চূড়ান্ত ফলাফলে যে ২৫ জনকে মেধাতালিকায় রাখা হয়েছে তাদের মধ্যে চারজন ছাত্রছাত্রী ভর্তি পরীক্ষায় (লিখিত) ৪৫-এর কম নম্বর পেয়েছে। অথচ এই চারজনকে মেধা তালিকায় প্রথম থেকে চতুর্থ স্থানে রাখা হয়েছে। এরা সবাই ইসলামের ইতিহাস বিভাগে ভর্তির জন্য আবেদন করে। এরা হলো আবাদুল্লাহ হিলি কাসি, রোল নং-২৯৮০, আতাউর রহমান, রোল নং-১৬২৩, রেহেনা পারভিন, রোল নং-২১৫৩ এবং রেয়াছাত শামীম, রোল-নং ৫৯।

ভর্তি নির্দেশিকা অনুসারে, লিখিত পরীক্ষায় ৪৫ নম্বরের কম পেয়ে খেলোয়াড় কোটায় ভর্তির জন্য আবেদন করলে সেসব আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং ট্রায়ালের সুযোগ থাকবে না। অথচ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিয়ম শরীরচর্চা বিভাগ কিংবা খেলোয়াড় কোটা ভর্তি কমিটি মেনে চলেনি। এ ব্যাপারে ক্রীড়া ও শরীরচর্চা বিভাগের পরিচালক এবং খেলোয়াড় কোটা ভর্তি কমিটির সদস্য সচিব নূরুল ফেরদৌসের সাথে যোগাযোগ করা হলে তিনি 'সংবাদ'কে জানান, ৪৫ নম্বর না পেলেও বিশেষ বিবেচনায় জাতীয় খেলোয়াড় হিসেবে তাদের নেয়া হয়েছে। আরও জানা গেছে, বিভিন্ন ইভেন্টে ভর্তি ফরম বিক্রি করে তাদের ট্রায়াল নিয়েও পরবর্তীতে সেসব ইভেন্টে ছাত্র-ছাত্রী ভর্তি বাতিল বলে গণ্য করা হয়েছে।